### ঘ) শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা

- আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা ও শিক্ষার মান নিয়ন্ত্রণে সুষ্ঠু পরিকল্পনা, ব্যবস্থাপনা উন্নয়নে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের দায়িত্ব কর্তব্য;
- শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং প্রতিষ্ঠানের সফলতা অর্জনে করণীয় কার্যাদি; এবং
- বিদ্যালয়ের ব্যবস্থাপনা ও বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগের নিয়মাবলী ও সুষ্ঠ তত্ত্বাবধান পদ্ধতি ।

### ঙ) সমন্বিত পাঠ পরিকল্পনা পদ্ধতির বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন

- শিক্ষার গুনগত মান উন্নয়নের সমন্বিত পাঠ পরিকল্পনা পদ্ধতির বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নে সংশ্লিষ্ট কমিটির দায়িত্ব ও কর্তব্য;
- শিক্ষা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে ও সমন্বিত পাঠ পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট কমিটি ও কম্যুনিটির কার্যকর যোগাযোগ ব্যবস্থা ; এবং
- বিদ্যালয়ে কর্ম পরিকল্পনা তৈরী ও সমন্বিত পাঠ পরিকল্পনা প্রণয়ন (হাতে কলমে) ।

## ৪। পদ্ধতি ও কৌশল ঃ

পদ্ধতি ঃ বক্তৃতা ও আলোচনা, হাতে কলমে অনুশীলন, শিক্ষা/ মাঠ সফর, সরেজমিনে বিদ্যালয় পরিদর্শন ইত্যাদি। তাছাড়া, মনমানচিত্র, মুক্ত চিন্তার ঝড়, দলীয় আলোচনা ইত্যাদি অনুসৃত হবে ।

## ৫। প্রশিক্ষণ সামগ্রী ঃ

স্বচ্ছপত্র, ওভারহেড প্রজেক্টর, চকবোর্ড/হোয়াইট বোর্ড/ভীপবোর্ড ইত্যাদি । তাছাড়া প্রশিক্ষক কর্তৃক আলোচিত বক্তৃতামালার সংক্ষিপ্ত সার এবং সমন্বিত পাঠ পরিকল্পনা নমুনা পুস্তিকা বিতরণ করা হবে ।

## ৬। কোর্সের মেয়াদ ঃ চার কর্ম দিবস

## ৭। প্রশিক্ষণার্থী ঃ

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষা বিভাগ, জেলা এবং থানা পর্যায়ে শিক্ষা কর্মকর্তা এবং শিক্ষা অফিসের প্রধান সহকারীবৃন্দ

## ৮। কোর্স ফি ঃ

প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য খাদ্য ও আবাসনসহ কোর্স ফি ২,০০০/- (দুই হাজার) টাকা । পূর্ণ কোর্স ফি বহন করা ছাড়াও ভ্রমণ ব্যয় প্রশিক্ষণার্থী নিজে অথবা উদ্যোক্তা সংস্থা কর্তৃক পৃথকভাবে বহন করতে হবে।

## ৯। প্রশিক্ষক ঃ

বার্ড অনুষদ সদস্যবৃন্দ ও অতিথি বক্তাগণ ।

## ১০। সনদপত্র ঃ

কোর্সটির সফল সমাপ্তির পর উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ করা হবে ।

## যোগাযোগের ঠিকানা ঃ

**পরিচালক (প্রশিক্ষণ)**
বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা-৩৫০৩
ফোন ঃ (০৮১) ৭৬৪২৪-২৮
ফ্যাক্স ঃ ৮৮০-৮১-৬৮৪০৬
E-Mail : bardbd@hotmail.com
bardbd@yahoo.com
Web site : www.bard.gov.bd..

# মানসম্মত শিক্ষাদান পদ্ধতি ও বিদ্যালয় ব্যবস্থাপনা উন্নয়ন কৌশল বিষয়ক প্রশিক্ষণ কোর্স

**প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা বিভাগ, জেলা ও থানা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দের জন্য একটি সংক্ষিপ্ত কোর্স**

কোর্সের মেয়াদ ঃ চার কর্ম দিবস

**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী**
কোটবাড়ী, কুমিল্লা

## ১। ভূমিকা ঃ

শিক্ষা মানুষের অন্যতম মৌলিক চাহিদা । মানুষের পরিপূর্ণ বিকাশ সাধনই শিক্ষার মূল উদ্দেশ্য । শিক্ষা সমাজ পরিবর্তনের বাহক ও ধারক । উন্নয়ন ভাবনায় ও প্রক্রিয়ায় শিক্ষার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ । সামগ্রীক জাতীয় উন্নয়ন ও মানব উন্নয়নের পূর্বশর্ত হলো শিক্ষার সকল স্তরে পরিমানগত দিকের পাশাপাশি গুনগত মানের উৎকর্ষতা সাধন । সময়ের চাহিদা নিরিখে শিক্ষার ধারনা, বিষয়বস্তু, সঠিক ও যুগোপযোগী পাঠ্যসূচী প্রণয়ন, শিক্ষাদান প্রক্রিয়া সততঃ পরিবর্তনশীল । স্বাভাবিকভাবেই বাংলাদেশের প্রাথমিক শিক্ষাও এর ব্যতিক্রম নয় । এটি বহু যুগের ক্রমান্বিত প্রচেষ্টার ফসল । এই শিক্ষার উত্তরনের ইতিহাসও দীর্ঘ । এদেশের বর্তমান প্রাথমিক শিক্ষা ব্যবস্থা উত্তরাধিকার সূত্রে বিদেশী শাসন শোষন ও প্রবঞ্চনার শিকার । আবার বিগত তিন দশক ধরে এ শিক্ষা উন্নয়নে বাংলাদেশের সরকার পর্যায়ক্রমে বিভিন্নমুখী পদক্ষেপ/সিদ্ধান্ত প্রণয়নে বহু প্রচেষ্টা নেয়া সত্ত্বেও অধিকাংশ ক্ষেত্রে পরিমাণগত সম্প্রসারণ ছাড়া গুনগত মানের উন্নয়নে আশাব্যঞ্জক কোন ফল লাভ করা সম্ভব হয়নি ।

শিক্ষার হার বৃদ্ধি পেলেও পড়তে লিখতে ও বুঝতে সক্ষম এবং কর্মসংস্থান সহায়ক গুনগত মানের প্রকৃত শিক্ষিতের হার তেমন আশানুরুপ নয় । আমাদের সমাজের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা মানুষকে শিশুকাল থেকে জীবন চলার পথের সমস্যা মোকাবেলা করা, পরিবর্তনশীল এ বিশ্বের সাথে খাপ খাইয়ে চলার মনমানসিকতা তৈরী, মানুষের দৃষ্টিভঙ্গি পরিবর্তন এবং জীবন যাত্রার মান বাড়ানোর ক্ষেত্রে কতটুকু সহায়ক ভূমিকা পালন করতে পারছে তা অবশ্যই বিবেচনা করা দরকার ।সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বিবেচনায় জাতির সমৃদ্ধি অর্জন এবং প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে সমাজের সর্বস্তরের শিক্ষার সুষ্ঠ পরিবেশের জন্য ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধার পাশাপাশি শিক্ষার সার্বিক গুনগত মানোন্নয়নের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে । শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রশিক্ষণের বিকল্প নেই ।

বাংলাদেশ সরকার প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষক, প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান এবং সেই সঙ্গে বিদ্যালয় ব্যবস্থাপনা প্রক্রিয়ার প্রতিটি স্তরের মানোন্নয়নের উপর গুরুত্ব দিচ্ছে। সেই লক্ষ্যের অংশ হিসেবে উল্লিখিত শিক্ষক ও কর্মকর্তাদের জন্য মানসম্মত শিক্ষা ও বিদ্যালয় ব্যবস্থাপনা ও একাডেমিক তত্ত্বাবধান বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই অনুভূত প্রয়োজন থেকেই প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা দানের মান বৃদ্ধি এবং শিক্ষাদান কার্যক্রমকে আরো অর্থবহ করে মানসম্মত শিক্ষার্থী তৈরীর জন্য বিগত ২০০০ইং শিক্ষা বৎসর থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) সমন্বিত পাঠ পরিকল্পনা বিষয়ক একটি প্রায়োগিক কার্যক্রম অনুশীলন করছে । বার্ড কর্তৃক একটি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকান্ড পরিচালনা এবং শিক্ষার মান নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট পরিকল্পনা ও সমন্বিত পাঠ পরিকল্পনার কর্মসূচীটি শিক্ষা দানের মান বৃদ্ধির জন্য যথেষ্ট সহায়ক হয়েছে । এই অনুশীলনটি শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থী মহলে বিশেষ আগ্রহ সৃষ্টি করেছে বলে প্রতীয়মান । পরিকল্পনাটির মাধ্যমে শিক্ষার্থীর মেধা ক্ষমতার প্রতি লক্ষ্য রেখে পাঠ্যসূচীকে সারা বৎসর ব্যাপী সমানুপাতিক হারে দিনভিত্তিক বন্টনের ব্যবস্থা করা হয়েছে। এই সাথে পরিকল্পতভাবে সহপাঠ্য কার্যক্রম সন্নিবেশের মাধ্যমে শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি প্রসারের প্রচেষ্টা নেয়া হয়েছে ।

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষক, শিক্ষা বিভাগ থানা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সহায়কগণ যাতে বিদ্যালয় পর্যায়ে সমন্বিত পাঠ পরিকল্পনা কার্যক্রম তৈরী বাস্তবায়ন করতে পারে সে দিকে লক্ষ্য রেখেই এই প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

## ২। কোর্সের উদ্দেশ্য ঃ

ক) অংশগ্রহণকারীগণকে শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য এবং জাতীয় আদর্শ অবহিত করা ও শিক্ষার গুনগত মানের সমস্যা উত্তরনের বিষয়ে ধারনা দেয়া;

খ) আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার উপায়, বিদ্যালয় ব্যবস্থাপনা ও শিক্ষার মান উন্নয়নের উপযোগী কার্যক্রমা বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান;

গ) একাডেমিক তত্ত্বাবধান এবং শিক্ষার্থী কেন্দ্রীক ও কর্মতৎপরতাভিত্তিক শিক্ষাদানে শিক্ষক/সহায়কদের দক্ষতা বৃদ্ধির কৌশল ও উপায়সমূহ সম্পর্কে ধারণা দেয়া;

ঘ) প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং প্রতিষ্ঠানের কার্যকর যোগাযোগ বৃদ্ধিতে সমন্বিত পাঠ পরিকল্পনার উপযোগী ব্যবহার সম্পর্কে স্বচ্ছ ধারনা দান ;এবং

চ) শিক্ষাদান কার্যক্রমকে গতিশীল করতে সমন্বিত পাঠ পরিকল্পনা তৈরীর কৌশল, পুস্তিকা প্রণয়ন পদ্ধতি এবং এর বাস্তবায়ন, সংরক্ষণ ও ব্যবহারের নিয়মাবলী অবহিত করা ।

## ৩। কোর্স বিষয়াবলী ঃ

### ক) শিক্ষা ও শিক্ষানীতি ঃ বাংলাদেশ প্রেক্ষিত

- শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য;
- শিক্ষার জাতীয় আদর্শ ও শিক্ষানীতি;
- শিক্ষা ও শিক্ষনের ধারণা ও বিভিন্ন মতবাদ; এবং
- শিশু বান্ধব শিক্ষা দানে শিক্ষক/কর্মকর্তাদের পেশাগত নীতি ও মূল্যবোধ উন্নয়নে করনীয়।

### খ) প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকৃতি ও তাত্ত্বিক ধারণা ঃ

- শিক্ষা ক্ষেত্রে বিরাজমান সমস্যার প্রকৃতি ও সম্ভাব্য সমাধান;
- প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা উন্নয়নের গৃহীত পদক্ষেপসমূহ;
- একীভূত শিক্ষাপদ্ধতির পরিচিতি ও বাস্তবায়ন কৌশল ।

### গ) গুনগত মানসম্মত শিক্ষাদানের লক্ষ্যে সমন্বিত পাঠদান পদ্ধতি ও কৌশল (তাত্ত্বিক ও ব্যবহারিক) ঃ

- বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও শিক্ষার মান বৃদ্ধি সহায়ক সমন্বিত পাঠ পরিকল্পনার উদ্দেশ্য ও বৈশিষ্ট্য ;
- একাডেমীক তত্ত্বাবধান এবং অনগ্রসর শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির কৌশল ও উপায়সমূহ ;
- শিক্ষা উন্নয়ন বিষয়ক বার্ডের অভিজ্ঞতা ও অনুসৃত মডেল ও ধারনা প্রয়োগ সম্পর্কিত আলোচনা ;
- সমন্বিত পাঠ পরিকল্পনা তৈরীর কৌশল ও পদ্ধতি এবং
- এর সংরক্ষণ ও ব্যবহার (২টি সেশন নমুনা প্রদর্শনসহ); এবং
- শিশু বিতান ঃ বার্ড প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও ছাত্র শিক্ষকদের সাথে আলোচনা ।